# প্রধানমন্ত্রীর শোকবার্তা নিয়ে কাতারের পথে স্পিকার



স্পিকার হাফিজ উদ্দিন। ছবি: সংগৃহীত

কাতারের সাবেক আমির শেখ হামাদ বিন খলিফা আল থানির মৃত্যুতে প্রধানমন্ত্রী তারেক রহমানের শোক ও সমবেদনা বার্তা পৌঁছে দিতে কাতারের উদ্দেশে ঢাকা ত্যাগ করেছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম।

মঙ্গলবার (১৪ জুলাই) সকাল ১১টা ২০ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তিনি দোহার উদ্দেশে রওনা হন।

সফরকালে স্পিকার কাতারের বর্তমান আমির শেখ তামিম বিন হামাদ আল থানির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন বলে জানা গেছে। এ সময় তিনি বাংলাদেশের প্রধানমন্ত্রীর পক্ষ থেকে শোকবার্তা ও সমবেদনা জানাবেন।

আধুনিক কাতারের রূপকার হিসেবে পরিচিত শেখ হামাদ বিন খলিফা আল থানির মৃত্যুতে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে।

নির্ধারিত কর্মসূচি শেষে আগামী ১৬ জুলাই স্পিকারের দেশে ফেরার কথা রয়েছে।

LENS ASIA